



পেমেণ্ট সিস্টেমস ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

০৪ সেপ্টেম্বর, ২০২২

পিএসডি সার্কুলার নং - ১৪/২০২২

তারিখ:-----

২০ ভাদ্র, ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডার (এমএফএসপি)

প্রিয় মহোদয়,

সাপ্তাহিক ছুটির দিন/সরকারি ছুটির দিনে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) মার্কেটে পর্যাপ্ত নগদ অর্থ এবং ই-মানি সরবরাহ নিশ্চিতকল্পে আন্তঃডিস্ট্রিবিউটর 'ক্যাশ ম্যানেজমেন্ট' পদ্ধতি চালুকরণ প্রসঙ্গে।

সাপ্তাহিক ছুটির দিন/সরকারি ছুটির দিনে ব্যাংকিং সার্ভিস বন্ধ থাকাকালীন সময় মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) ডিস্ট্রিবিউটরগণকে ই-মানি লিফটিং (ব্যাংক একাউন্টে নগদ অর্থ জমার বিপরীতে ই-মানি গ্রহণ) বা ই-মানি রিফান্ড (ই-মানি ফেরত দিয়ে ব্যাংক একাউন্ট এর মাধ্যমে নগদ অর্থ উত্তোলন) করার ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হতে হয়। ফলে এমএফএস এজেন্ট পয়েন্টে নগদ অর্থ এবং ই-মানির সরবরাহ বিঘ্নিত হলে গ্রাহকগণ-কে নিরবচ্ছিন্ন সেবা প্রদানে ব্যাঘাত ঘটানো সম্ভাবনা দেখা দেয়।

০২। উল্লিখিত সমস্যা সমাধানের নিমিত্তে সাপ্তাহিক ছুটির দিন/সরকারি ছুটির দিনে ব্যাংকিং সার্ভিস বন্ধকালীন সময়ে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) মার্কেটে পর্যাপ্ত নগদ অর্থ এবং ই-মানির সরবরাহ নিশ্চিতকল্পে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডারসমূহ (এমএফএসপি) নিম্নোক্ত নির্দেশনাবলী পরিপালন এবং এতদসঙ্গে সংযুক্ত আন্তঃডিস্ট্রিবিউটর 'ক্যাশ ম্যানেজমেন্ট' পদ্ধতি অনুসরণপূর্বক আন্তঃডিস্ট্রিবিউটর ই-মানি এবং নগদ অর্থ স্থানান্তরের ব্যবস্থা চালু করতে পারবে:

- (ক) শুধুমাত্র সাপ্তাহিক ছুটির দিন এবং সরকারি ছুটির দিনে ব্যাংকিং সার্ভিস বন্ধকালীন সময়ে আন্তঃডিস্ট্রিবিউটর 'ক্যাশ ম্যানেজমেন্ট' সংক্রান্ত লেনদেন সম্পাদন করা যাবে;
- (খ) আন্তঃডিস্ট্রিবিউটর 'ক্যাশ ম্যানেজমেন্ট' প্রক্রিয়ায় সংঘটিত সকল লেনদেন ডিজিটালি সম্পাদন করতে হবে;
- (গ) আন্তঃডিস্ট্রিবিউটর 'ক্যাশ ম্যানেজমেন্ট' প্রক্রিয়ায় একজন ডিস্ট্রিবিউটর একদিনে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার সমপরিমাণ লেনদেন (ই-মানি লিফটিং এবং ক্যাশ/নগদ অর্থ রিফান্ড একত্রিতভাবে) পরিচালনা করতে পারবেন;
- (ঘ) 'ক্যাশ ম্যানেজমেন্ট' প্রক্রিয়ায় অংশগ্রহণ করার জন্য ডিস্ট্রিবিউটরগণকে সংশ্লিষ্ট এমএফএসপি-এর সাথে চুক্তিবদ্ধ (বিদ্যমান চুক্তি সংশোধন এর মাধ্যমেও চুক্তিবদ্ধ হওয়ার সুযোগ থাকবে) হতে হবে। ডিস্ট্রিবিউটরগণ তাদের প্রয়োজনীয়তার নিরিখে স্বাধীনভাবে এ ধরনের কার্যক্রমে সম্পৃক্ত হবেন এবং কোন পক্ষের এ কার্যক্রমে অংশগ্রহণে বাধ্যবাধকতা থাকবেনা মর্মে চুক্তিতে উল্লেখ থাকতে হবে;

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য।



পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

---- ০২ ----

পূর্ববর্তী পৃষ্ঠার পর:

- (ঙ) ‘ক্যাশ ম্যানেজমেন্ট’ প্রক্রিয়ার কোন পর্যায়েই সংশ্লিষ্ট এমএফএসপি-এর ট্রাস্ট কাম সেটেলমেন্ট একাউন্ট এর ব্যবহার বা সংশ্লিষ্টতা থাকবে না;
- (চ) লিফটিং ডিস্ট্রিবিউটর কর্তৃক রিফান্ড ডিস্ট্রিবিউটরের নিকট হস্তান্তরের জন্য নগদ অর্থ/ক্যাশ টাকা পরিবহণ সংক্রান্ত যে কোন ধরনের সমস্যা (টাকা হারিয়ে যাওয়া, চুরি হওয়া, ছিনতাই, তহবিল তসরুফ ইত্যাদি) বিষয়ে সংশ্লিষ্ট সকল পক্ষকে প্রয়োজনীয় সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে;
- (ছ) লিফটিং ডিস্ট্রিবিউটর এর নিকট হতে নগদ অর্থ/ক্যাশ টাকা গ্রহণ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট দায়িত্ব (সঠিকভাবে টাকা গুনে নেয়া, জাল নোট বিষয়ে সতর্কতা অবলম্বন করা ইত্যাদি) রিফান্ড ডিস্ট্রিবিউটরের উপর ন্যস্ত থাকবে বিধায় এরূপ বিষয়ে প্রয়োজনীয় সতর্কতা গ্রহণপূর্বক রিফান্ড ডিস্ট্রিবিউটরকে ‘ক্যাশ ম্যানেজমেন্ট’ প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হবে;
- (জ) ‘ক্যাশ ম্যানেজমেন্ট’ প্রক্রিয়াটি পরিচালনার ক্ষেত্রে ঝুঁকি ব্যবস্থাপনাসহ প্রয়োজনীয় সকল ধরনের মনিটরিং এবং সুপারভিশন সংক্রান্ত বিষয়াদি সংশ্লিষ্ট এমএফএস প্রোভাইডারকে নিশ্চিত করতে হবে; এবং
- (ঝ) এ কার্যক্রমে অংশগ্রহণের বিষয়ে বাংলাদেশ ব্যাংক-কে অবহিত করতে হবে।

সংযুক্তি: “ক্যাশ ম্যানেজমেন্ট” পদ্ধতি।

আপনাদের বিশ্বস্ত,

(মুহম্মদ বদিউজ্জামান দিদার)

পরিচালক (পিএসডি)

ফোন: ০২- ৯৫৩০৬১১

ই-মেইল: badiuzzaman.dider@bb.org.bd



পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

আন্তঃডিস্ট্রিবিউটর 'ক্যাশ ম্যানেজমেন্ট' পদ্ধতি

- (১) 'ক্যাশ ম্যানেজমেন্ট' পদ্ধতির সাথে দুই ধরনের ডিস্ট্রিবিউটর সম্পৃক্ত থাকবে, (ক) লিফটিং ডিস্ট্রিবিউটর (যার হাতে ক্যাশ/নগদ অর্থ আছে, প্রয়োজনীয় পরিমাণ ই-মানি নেই, নগদ অর্থের বিনিময়ে ই-মানি গ্রহণ করতে ইচ্ছুক) এবং (খ) রিফান্ড ডিস্ট্রিবিউটর (যার কাছে ই-মানি আছে, পর্যাপ্ত পরিমাণ ক্যাশ/নগদ অর্থ নেই, ই-মানির বিনিময়ে নগদ অর্থ গ্রহণে ইচ্ছুক)।
- (২) আন্তঃডিস্ট্রিবিউটর 'ক্যাশ ম্যানেজমেন্ট' পদ্ধতিতে ডিস্ট্রিবিউটর টু ডিস্ট্রিবিউটর সংক্রান্ত সকল লেনদেন সংশ্লিষ্ট মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডারের ওয়েব পোর্টাল/ডিস্ট্রিবিউটর এপ্লিকেশন এর মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে সম্পাদিত হতে হবে।
- (৩) সুনির্দিষ্ট ব্যবসায়িক ঠিকানার ভিত্তিতে ডিস্ট্রিবিউটরসমূহকে এলাকাভিত্তিক ডিস্ট্রিবিউটর ম্যাপিং এর মাধ্যমে নিকটবর্তী এলাকার ডিস্ট্রিবিউটরদের মধ্যে এ কার্যক্রম পরিচালনা করা যাবে। ডিস্ট্রিবিউটর ম্যাপিং এর ক্ষেত্রে আন্তঃডিস্ট্রিবিউটর ক্যাশ ম্যানেজমেন্ট পদ্ধতি সংক্রান্ত সকল কার্যক্রম অনধিক ৩ ঘণ্টা বা ১৮০ মিনিটের মধ্যে সম্পন্ন করার বিষয়টি নিশ্চিত করতে হবে।
- (৪) লিফটিং ডিস্ট্রিবিউটর সংশ্লিষ্ট মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডারের ওয়েব পোর্টাল/ডিস্ট্রিবিউটর এপ্লিকেশনে নিজস্ব আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করে নিজ চাহিদা অনুযায়ী ই-মানি লিফটিং এর Requisition প্রদান করতে পারবেন।
- (৫) বিপরীত দিকে রিফান্ড ডিস্ট্রিবিউটর সংশ্লিষ্ট মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডারের ওয়েব পোর্টাল/ডিস্ট্রিবিউটর এপ্লিকেশনে নিজস্ব আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করার পর তার নিকটবর্তী এলাকায় অবস্থিত ডিস্ট্রিবিউটরদের যাচিত ই-মানির Requisition প্রত্যক্ষ করতে পারবেন এবং নিজ চাহিদার (রিফান্ড ডিস্ট্রিবিউটরের নগদ অর্থের চাহিদা) সাথে সামঞ্জস্যপূর্ণ Requisition টি Accept করতে পারবেন।
- (৬) রিফান্ড ডিস্ট্রিবিউটর কর্তৃক লিফটিং ডিস্ট্রিবিউটরের Requisition এ চাহিদাকৃত ই-মানির সমপরিমাণ বা আংশিক পরিমাণ ই-মানি সরবরাহ করার সুযোগ থাকবে এবং আংশিক পরিমাণ ই-মানি সরবরাহ করার ক্ষেত্রে ই-মানি চাহিদার অবশিষ্ট অংশ অপর কোন ডিস্ট্রিবিউটর কর্তৃক সরবরাহ করার সুযোগ থাকবে।
- (৭) রিফান্ড ডিস্ট্রিবিউটর কর্তৃক লিফটিং ডিস্ট্রিবিউটরের Requisition টি Accept করা হলে সংশ্লিষ্ট মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডার কর্তৃক তাৎক্ষণিকভাবে রিফান্ড ডিস্ট্রিবিউটরের ওয়ালেটে সমপরিমাণ ই-মানি ব্লক করতে হবে এবং সংশ্লিষ্ট লিফটিং ডিস্ট্রিবিউটরকে তাৎক্ষণিকভাবে রিফান্ড ডিস্ট্রিবিউটর কর্তৃক Requisition টি Accept করা হয়েছে মর্মে অবহিত করতে হবে।
- (৮) রিফান্ড ডিস্ট্রিবিউটর কর্তৃক Requisition টি Accept করার সময় থেকে পরবর্তী অনধিক ৩ ঘণ্টা বা ১৮০ মিনিটের মধ্যে লিফটিং ডিস্ট্রিবিউটরকে নগদ অর্থ রিফান্ড ডিস্ট্রিবিউটরের নিকট হস্তান্তর করতে হবে।

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য।



পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

----- ০২ -----

পূর্ববর্তী পৃষ্ঠার পর

- (৯) লিফটিং ডিস্ট্রিবিউটর নগদ অর্থ রিফান্ড ডিস্ট্রিবিউটরকে হস্তান্তর করবেন এবং রিফান্ড ডিস্ট্রিবিউটর নগদ অর্থ বুঝে নিয়ে লিফটিং ডিস্ট্রিবিউটরকে মানি রিসিপ্ট (সুনির্দিষ্ট টেমপ্লেট অনুযায়ী প্রস্তুতকৃত) প্রদান করবেন।
- (১০) পরবর্তী ধাপে সংশ্লিষ্ট মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডারের ওয়েব পোর্টাল/ডিস্ট্রিবিউটর এপ্লিকেশন এর মাধ্যমে লিফটিং ডিস্ট্রিবিউটর কর্তৃক রিফান্ড ডিস্ট্রিবিউটরকে নগদ অর্থ হস্তান্তরের বিষয়টি (রিফান্ড ডিস্ট্রিবিউটরের নিকট হতে সংগৃহীত মানি রিসিপ্টসহ) এবং রিফান্ড ডিস্ট্রিবিউটর কর্তৃক লিফটিং ডিস্ট্রিবিউটরের নিকট হতে নগদ অর্থ বুঝে পাওয়ার বিষয়টি নিশ্চিত (Confirmation) করতে হবে।
- (১১) উভয় ডিস্ট্রিবিউটরের নিকট হতে অর্থ হস্তান্তরের বিষয়টি নিশ্চিত (Confirmation) হওয়ার প্রেক্ষিতে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডার কর্তৃক রিফান্ড ডিস্ট্রিবিউটরের ওয়ালেটে ইতোপূর্বে ব্লককৃত ই-মানি লিফটিং ডিস্ট্রিবিউটরের ওয়ালেটে স্থানান্তর করার উদ্যোগ গ্রহণ করতে হবে।
- (১২) ই-মানি স্থানান্তরের প্রক্রিয়াটি সংশ্লিষ্ট মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডার কর্তৃক আন্তঃডিস্ট্রিবিউটর 'ক্যাশ ম্যানেজমেন্ট' এর উদ্দেশ্যে পরিচালিত 'ইন্টারনাল ওয়ালেট' এর মাধ্যমে সম্পাদিত হতে হবে। অর্থাৎ ই-মানি প্রথমে রিফান্ড ডিস্ট্রিবিউটরের ওয়ালেট থেকে 'ইন্টারনাল ওয়ালেটে' স্থানান্তরিত হবে এবং পরবর্তীতে ই-মানি 'ইন্টারনাল ওয়ালেটে' থেকে লিফটিং ডিস্ট্রিবিউটরের ওয়ালেটে স্থানান্তর করতে হবে।
- (১৩) নির্দিষ্ট সাপ্তাহিক ছুটির দিন/সরকারি ছুটির দিনে ব্যাংকিং সার্ভিস বন্ধকালীন সময়ে লিফটিং ডিস্ট্রিবিউটর কর্তৃক উপস্থাপিত Requisition টি ঐ সুনির্দিষ্ট দিনের রাত ১২.০০ টা পর্যন্ত Valid থাকবে। পরবর্তী সাপ্তাহিক ছুটির দিন/সরকারি ছুটির দিনে লিফটিং ডিস্ট্রিবিউটরকে নতুনভাবে Requisition দিতে হবে।
- (১৪) উল্লিখিত আন্তঃডিস্ট্রিবিউটর 'ক্যাশ ম্যানেজমেন্ট' পদ্ধতির কোন পর্যায়ে কোনরূপ বিরোধ (Dispute) সৃষ্টি হলে সংশ্লিষ্ট মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডার উপযুক্ত দালিলিক প্রমাণাদির ভিত্তিতে উক্ত বিরোধ নিরসনের ব্যবস্থা গ্রহণ করবে।
- (১৫) নির্ধারিত ফরম্যাটে এধরনের লেনদেনের বিষয়ে মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক-কে অবহিত করতে হবে;
- (১৬) বাংলাদেশ ব্যাংক যেকোন সময় এ প্রক্রিয়া সংশোধন/সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবে।

----- সমাপ্ত -----